

রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুন:বীমাকারী প্রতিষ্ঠান

## সাধারণ বীমা কর্পোরেশন

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

৩৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

# বীমা বার্তা

জানুয়ারি - মার্চ ২০২৪

সাধারণ বীমা কর্পোরেশন-এর মুখপত্র



রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুন:বীমাকারী প্রতিষ্ঠান

সাধারণ বীমা কর্পোরেশন

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

৩৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

# বীমা বার্তা

জানুয়ারি - মার্চ ২০২৪

রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুন:বীমাকারী প্রতিষ্ঠান

## সাধারণ বীমা কর্পোরেশন

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

৩৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

# বীমা বার্তা


## সম্পাদকঃ

**মোঃ শামীম হোসেন**
ম্যানেজার
জনসংযোগ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

## সম্পাদনা পরিষদঃ

**মাহবুব সোবহান সুমন**
ডেপুটি ম্যানেজার
মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

**মুহাম্মদ কামরুজ্জামান**
ডেপুটি ম্যানেজার
অডিট এন্ড কমপ্লায়েন্স বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

**মোঃ জাহিদুল আরেফিন**
ডেপুটি ম্যানেজার
জনসংযোগ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

**মোঃ আরিফুর রহমান**
জুনিয়র অফিসার
জনসংযোগ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।


প্রকাশিত প্রবন্ধ, নিবন্ধ বা যে কোন লেখার বিষয়ে সম্পাদক দায়ী নয়।


সাধারণ বীমা কর্পোরেশনের পক্ষে জনসংযোগ বিভাগ কর্তৃক
৩৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ থেকে প্রকাশিত
যোগাযোগঃ ৪১০৫১৬২২
ই-মেইলঃ sbcprd1973@gmail.com

# বীমা বার্তা'র উপদেষ্টা মন্ডলী

## প্রধান উপদেষ্টাঃ

**মোঃ হারুন-অর-রশিদ**
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

## উপদেষ্টামন্ডলীঃ

**ওয়াসিফুল হক**
জেনারেল ম্যানেজার
জোনাল অফিস, ঢাকা।

**বিবেকানন্দ সাহা**
জেনারেল ম্যানেজার
পুনঃবীমা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

**এস. এম. শাহ্ আলম**
জেনারেল ম্যানেজার
দাবী বিভাগ, বিপণন, ব্যবসা উন্নয়ন ও দায়গ্রহণ বিভাগ,
মানব সম্পদ বিভাগ (অতিরিক্ত দায়িত্ব), ইসিজি বিভাগ (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান কার্যালয়, ঢাকা।


**মোহাম্মদ সেলিম**
জেনারেল ম্যানেজার
অর্থ ও হিসাব বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

**খসরু দস্তগীর আলম**
জেনারেল ম্যানেজার
সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

**সহজ দায়গ্রহণ - ০১**

## আন্ডাররাইটিং প্রক্রিয়ায় অনুসরণীয় সাধারণ নীতি

নন-লাইফ বীমা প্রতিষ্ঠান এর প্রধান কাজ হল নন-লাইফ সম্পত্তির সাথে সম্পর্কিত ঝুঁকির এবং ব্যক্তির দুর্ঘটনা সম্পর্কিত ঝুঁকির দায়গ্রহণ বা আন্ডাররাইট করা। আন্ডাররাইটিং প্রক্রিয়াটি গভীরভাবে বোঝা সহ কার্যকর বীমা পলিসি ইস্যুর মাধ্যমে ক্লায়েন্টদের দ্রুত, দক্ষ এবং কার্যকর পরিষেবা প্রদানের জন্য একজন দক্ষ আন্ডাররাইটার হিসেবে কিছু সাধারণ নীতি অনুসরণ করতে পারেন।




(ক) আন্ডাররাইটিংয়ের ক্ষেত্রে এক জাতীয় নীতি অনুসরণ এবং অনুশীলন করা। যেমনঃ নৌ-কার্গো বীমার ক্ষেত্রে সরকারি বিদ্যুৎ উৎপাদনকারী ও বিতরণকারী প্রতিষ্ঠানের বৈদ্যুতিক পণ্য আমদানির জন্য Marine Tariff এ স্পেশাল প্রিমিয়াম রেট বা হার রয়েছে। নৌ-বীমা টেরিফে বৈদ্যুতিক পণ্য আমদানির জন্য বিভিন্ন প্রিমিয়াম রেট থাকলেও সরকারি বিদ্যুৎ উৎপাদনকারী ও বিতরণকারী প্রতিষ্ঠানের যে কোন ধরনের বৈদ্যোতিক পণ্য আমদানির ক্ষেত্রে একই স্পেশাল প্রিমিয়াম রেট বা হার অনুসরণ করাই বাঞ্চনিয়।


(খ) সম্পদের সাথে সংশ্লিষ্ট যথার্থ ঝুঁকি নিরূপণ করা; প্রয়োজন হলে প্রস্তাবিত বীমাযোগ্য সম্পদের প্রাক পরিদর্শন করা। যেমনঃ অগ্নি বীমায় ৫ (পাঁচ) কোটি টাকার উপরে Sum Insured হলে প্রস্তাবিত বীমাযোগ্য সম্পদের প্রাক পরিদর্শন বাধ্যতামূলক।

(গ) প্রাপ্ত প্রস্তাবনা এবং ইস্যুকৃত বীমা পলিসি ভিন্ন ভিন রেজিস্ট্রারে যথাসময়ে রেকর্ড করে সংরক্ষণ করা, যাতে কোন প্রতিষ্ঠানের অনুকূলে কোন Peril-এ কি পরিমাণ Sum Insured-এ বীমা কাভারেজ প্রদান করা হয়েছে তা সঠিক এবং দ্রুত জানতে বা বলতে পারা যায়;

(ঘ) বীমা পলিসির রেট, টার্মস ও কন্ডিশন সংক্রান্ত বিষয়ে সম্যক ধারনা গ্রহণ এবং বীমাগ্রহিতাকে গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে জানানো, কোন জটিলতা না থাকলে খুব দ্রুততম সময়ে এবং সঠিকভাবে ক্লায়েন্টকে বীমা পলিসি বা এন্ডোর্সমেন্ট ইস্যু করা।

(ঙ) বীমা প্রতিষ্ঠানের শাখা অফিস হতে এসবিসি এর কান্ট্রি লিমিট এর উপরে কোন ঝুঁকির Sum Insured-এর বীমা কাভারেজ প্রদান করা হলে তা পুনঃবীমা বিভাগ-কে অবহিত করা এবং সঠিকভাবে পুনঃবীমা করা হয়েছে কিনা তা নিশ্চিত করা;

(চ) রিনুয়্যাল পলিসির ক্ষেত্রে ক্লায়েন্টকে পলিসির বিষয়ে পর্ব হতে অবিহিত করা সহ দ্রুততম সময়ে এবং সঠিকভাবে বীমা পলিসি বা এন্ডোর্সমেন্ট ইস্যুর জন্য একটি দক্ষ ব্যবস্থা চালু করা;




ছ) বীমা পলিসির রেট, টার্মস ও কন্ডিশন সংক্রান্ত বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বীমা টেরিফ, সার্কুলার, নিয়ম ও প্রবিধান এবং সরকার কর্তৃক জারিকৃত আইন ও বিধি-বিধান অনুসরণ করা;

(জ) আন্ডাররাইটিং সংক্রান্ত পর্যাপ্ত পরিসংখ্যানগত তথ্য সংরক্ষণ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা বিভাগকে সরবরাহ করা যাতে নির্দিষ্ট ঝুঁকির গতি প্রকৃতি এবং ফলাফল সঠিকভাবে এবং নিয়মিতভাবে মূল্যায়ন করা যায়।

** মোঃ হাছানুজ্জামান, ডেপুটি ম্যানেজার, বিপণন, ব্যবসা উন্নয়ন ও দায়গ্রহণ বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।



২১শে ফেব্রুয়ারি ২০২৪ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে সাবীক, প্রধান কার্যালয়ে সূর্যোদয়ের সাথে সাথে **'দি ফ্ল্যাগ রুলস ১৯৭২'** অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন করা হয়।




২১শে ফেব্রুয়ারি ২০২৪ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে সাবীক,
প্রধান কার্যালয়ে ড্রপ-ডাউন ব্যানার ও স্ট্যান্ড ব্যানার সাটানো হয়।







২১শে ফেব্রুয়ারি ২০২৪ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ভাষা শহিদদের স্মরণে প্রথম প্রহরে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



১ মার্চ জাতীয় বীমা দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সাবীক, প্রধান কার্যালয়ে ড্রপ-ডাউন ব্যানার ও স্ট্যান্ড ব্যানার সাটানো হয়।



১ মার্চ জাতীয় বীমা দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সাবীক, প্রধান কার্যালয়ে ২৯ ফেব্রুয়ারি থেকে ২রা মার্চ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপী আলোকসজ্জা করানো হয়।






০১ মার্চ জাতীয় বীমা দিবস ২০২৪ আয়োজন উপলক্ষ্যে ২৯/০২/২০২৪ তারিখে অভ্যন্তরীণ ট্রেনিং সেন্টার, সাধারণ বীমা কর্পোরেশনের প্রধান কার্যালয় এবং ঢাকা জোনাল অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রস্তুতিমূলক সভা করা হয়।



ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়ে সূর্যোদয়ের সাথে সাথে **'দি ফ্ল্যাগ রুলস ১৯৭২'** অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন করা হয়।



ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়ে ০৬/০৩/২৪ তারিখ হতে ০৮/০৩/২৪ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপী আলোকসজ্জায় সজ্জিতকরণ করা হয়।






ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে সাধারণ বীমা কর্পোরেশনের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব দুলাল কৃষ্ণ সাহা এবং মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ হারুন-অর-রশিদ সহ প্রধান কার্যালয় এবং ঢাকা জোনের এজিএম ও তদূর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তাদেরকে নিয়ে বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে সাবীক, প্রধান কার্যালয়ে সূর্যোদয়ের সাথে সাথে **'দি ফ্ল্যাগ রুলস ১৯৭২'** অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন করা হয়।







১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর জীবনী ও কর্মের উপর ভিত্তি করে প্রধান কার্যালয় এবং ঢাকা জোনাল অফিসে কর্মরত সকল ম্যানেজার ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ এর উপস্থিতিতে আলোচনা সভা আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় সাধারণ বীমা কর্পোরেশনের সকল জোনাল প্রধানগণ (ঢাকা জোনাল অফিস ব্যতীত) সভায় ভার্চ্যুয়ালি সংযুক্ত ছিলেন।





১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়।




১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে হাটখোলা রোড, টিকাটুলি, ঢাকা-এ অবস্থিত এতিমখানায় ইফতার বিতরণ করা হয়।



২৬ মার্চ ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে সাবীক, প্রধান কার্যালয়ে ড্রপ-ডাউন ব্যানার সাটানো হয়।



২৬ মার্চ ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে সাবীক, প্রধান কার্যালয়ে আলোকসজ্জায় সজ্জিতকরণ করা হয়।

# সাধারণ বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।

website: www.sbc.gov.bd

## সরকারি সম্পত্তি সাধারণ বীমা কর্পোরেশনে বীমাকরণের বিধি-বিধান সম্পর্কিত বিজ্ঞপ্তি

সাধারণ বীমা কর্পোরেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর অধীন একটি রাষ্ট্র মালিকানাধীন প্রতিষ্ঠান। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তির অনুকূলে শুধু সাধারণ বীমা কর্পোরেশন থেকে সকল ধরনের বীমা পলিসি গ্রহণ করার বিধান রয়েছে। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তির বীমাকরণ সম্পর্কিত বিধান নিম্নরূপঃ

ধারা ১৬। সরকারি সম্পত্তি বীমাকরণঃ- (১) কোনো সরকারি সম্পত্তি অথবা সরকারি সম্পত্তি সংশ্লিষ্ট কোনো ঝুঁকি বা দায় সম্পর্কিত সকল প্রকার নন-লাইফ বীমা ব্যবসা সাধারণ বীমা কর্পোরেশন ১০০% (শতকরা একশত ভাগ) অবলিখন (underwrite) করিয়া উহার ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) নিজের নিকট রাখিয়া অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) সকল বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানির মধ্যে সমহারে বন্টন করিবে।

**ব্যাখ্যা- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, ''সরকারি সম্পত্তি'' অর্থ-**

(ক) যে কোনো ধরনের স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি যাহা সরকারের সরাসরি নিয়ন্ত্রণে কিংবা সংরক্ষণে রহিয়াছে এবং যাহার রক্ষণাবেক্ষণের আইনগত দায়িত্ব সরকারের;

(খ) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের বরাবরে ন্যস্ত সম্পত্তি;

(গ) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের ব্যবস্থাধীনে বা নিয়ন্ত্রণে থাকা কোনো কোম্পানি, খামার, প্রতিষ্ঠান, সংগঠন, উদ্যোগ বা অন্য কোনো স্থাপনা, অথবা যেইগুলিতে সরকারের বা সরকার ও স্থানীয় কর্তৃপক্ষের বা সরকার ও কোনো কোম্পানির যৌথ নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা রহিয়াছে বা যাহাতে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের ঐরূপ আর্থিক সংশ্লেষ বা স্বার্থ রহিয়াছে বা কোনো কোম্পানির অর্থায়নে সরকারের গ্যারান্টি রহিয়াছে;

(ঘ) সরকারের গ্যারান্টিযুক্ত বৈদেশিক ঋণ বা আর্থিক সাহায্যে পরিচালিত যে কোনো প্রকল্প;

(ঙ) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো সম্পত্তি।

বর্ণিত আইনের ১৬ (৩) ধারায় উল্লেখ রয়েছে-

**''১৬ (১) এর বিধান লঙ্ঘন করিয়া গৃহীত বা ইস্যুকৃত যে কোনো বীমা বাতিল বলিয়া গণ্য হইবে''**

- উক্ত আইন সম্পর্কে সম্যক ধারণা না থাকায় বা অসচেতনতাবশতঃ কতিপয় সরকারি সংস্থা তাঁদের আওতাধীন সম্পত্তি ও দায়ের বিপরীতে বেসরকারি বীমা কোম্পানির নিকট হতে বীমা পলিসি নিয়ে থাকে, যা আইনত বৈধ নয় এবং এর ফলে সরকার প্রিমিয়াম বাবদ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে;

- সুতরাং বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি খাতের সকল সম্পত্তির বীমা ঝুঁকি কেবল রাষ্ট্রীয় নন-লাইফ বীমা ও পুনঃবীমাকারী প্রতিষ্ঠান হিসেবে সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে। এতদ্সত্ত্বেও আইন লঙ্ঘন করে কোন কোন বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি সরকারি সম্পত্তির অনুকূলে বীমা পলিসি ইস্যু করছে যা কোনভাবেই বাঞ্ছনীয় নয়। নন-লাইফ বেসরকারি বীমা কোম্পানি কর্তৃক সরকারি সম্পত্তির বীমা ঝুঁকি গ্রহণ বর্তমান বীমা আইনের সম্পূর্ন পরিপন্থী। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তির বীমা ঝুঁকির বিপরীতে সাধারণ বীমা কর্পোরেশন থেকে বীমা পলিসি গ্রহণ করার জন্য এবং বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি কর্তৃক সরকারি সম্পত্তির বিপরীতে বীমা পলিসি ইস্যু না করার জন্য অনুরোধ করা হলো;

- উল্লেখ্য যে, কোন বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি কর্তৃক সরকারি খাতের ব্যবসা সংক্রান্ত বীমা পলিসি ইস্যু করা হলে উক্ত পলিসি কর্পোরেশন আইন, ২০১৯ এর ধারা ১৬ এর উপধারা ১ অনুযায়ী বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে ইস্যুকৃত পলিসির প্রিমিয়াম ফেরত নেয়া হবে। তাছাড়া উদ্ভূত পরিস্থিতিতে দাবি সংক্রান্ত বিষয়ে জটিলতা সৃষ্টি করবে। এ বিষয়ে সকল বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানির সার্বিক সহযোগিতা কামনা করা হচ্ছে।

- এমতাবস্থায়, সকল সরকারি সম্পদের বীমা ঝুঁকি সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

**মোঃ হারুন-অর-রশিদ**
**ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)**